# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৩ জানুয়ারি, ২০১৬ |
| সময় | ঃ | বেলা ১২-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্য বিষয়-১:** ২৬ নভেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা :** ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্তের উপর গৃহীত কার্যক্রমও সভাকে অবহিত করা হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্নেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস সমর্থনে বিগত সভার (২০১৫ সালের ১২তম বোর্ডসভার) কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২:** নভেম্বর ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা :** ২০১৫ সালের ১২তম সভার সিদ্ধান্তক্রমে ডিওএইচএস এলাকায় গৃহকর আদায়ের নিমিত্ত ক্যাম্প পরিচালনা করা হয়েছে এবং ৪টি ডিওএইএস থেকে ১৮,৬৮,৫৯১.০০ (আঠার লক্ষ আটষট্টি হাজার পাঁচশত একানব্বই) টাকা আদায় হয়েছে। ডিসেম্বর, ২০১৫ মাসে বিভিন্ন খাতে আদায় ৩,৭৫,০২,৭১১.০০ (তিন কোটি পঁচাত্তর লক্ষ দুই হাজার সাতশত এগার) টাকা এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ৬,১০,০৪,২৪৮.০০ (ছয় কোটি দশ লক্ষ চার হাজার দুইশত আটচল্লিশ) টাকা। মোট দাবীর বিপরীতে আদায়ের হার ৭৭.২২%। আদায়ের হার সন্তোষজনক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** বর্ণিত বছরের ন্যায় আগামী অর্থ বছরের শুরুতেই ডিওএইচএস এলাকায় ব্যাপক প্রচারণার মাধ্যমে গৃহকর আদায় ক্যাম্প পরিচালনা করতে হবে এবং কচুক্ষেত এলাকার বকেয়া গৃহকর ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

**আলোচ্য বিষয়-৩:** নভেম্বর, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা :** নভেম্বর, ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ২,৫৫,২২,০৪১.০০ (দুই কোটি পঞ্চান্ন লক্ষ বাইশ হাজার একচল্লিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ১২,৫৫,৫৩,৬৮৩.০০ টাকা (বার কোটি পঞ্চান্ন লক্ষ তেপ্পান্ন হাজার ছয়শত তিরাশি) টাকা। উক্ত সময়ে সর্বমোট ব্যয় ৫,৭১,৪৫,৫৩৩.০০ টাকা (পাঁচ কোটি একাত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত তেত্রিশ) টাকা।

**গৃহীত সিদ্ধান্ত :** নভেম্বর ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

**আলোচ্য বিষয়-৪:** নভেম্বর, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

**আলোচনা :** স্টেশন হেলথ অফিসার সভায় স্বাস্থ্য প্রতিবেদন উপস্থাপন করেন। সেনানিবাসের পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক আছে। ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ১৩ জন এবং সিএমএইচ, ঢাকায় ১৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেন। বর্তমানে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব অনেকটা নিয়ন্ত্রণে আছে। তবে মশক বাহিত রোগ (ডেঙ্গু/ম্যালেরিয়া/ইত্যাদি) বিষয়ে সেনানিবাসের বাসিন্দাদের সচেতন করার জন্য সচেতনামূলক কর্মসূচীসহ একটি দিবস পালন করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর টয়লেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা উন্নয়ন করা প্রয়োজন মর্মে স্টেশন হেলথ অফিসারের মাসিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

**গৃহীত সিদ্ধান্ত :**

৪.১। মশক বাহিত রোগ (ডেঙ্গু/ম্যালেরিয়া/ইত্যাদি) বিষয়ে সেনানিবাসের বাসিন্দাদের সচেতন করার জন্য সচেতনামূলক বিশেষ করে সুবিধাজনক কোনো একটি নির্দিষ্ট দিনে সমগ্র সেনানিবাস এলাকায় একযোগে মশক নিধন কর্মসূচী পরিচালনা করতে হবে;

৪.২। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আবর্জনা ও ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্নতার মান উন্নয়নের জন্য সেনানিবাসের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুরোধ জানিয়ে পত্র প্রদান করতে হবে।

**আলোচ্য বিষয়-৫:** ডিসেম্বর, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।

**আলোচনা :** ডিসেম্বর, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২৮৫ টি জন্ম নিবন্ধন ও ১১টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে।

**গৃহীত সিদ্ধান্ত :** জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিবেদন যথানিয়মে সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে মাস্টার রোলে নিয়োজিত কর্মচারীদের পরিসংখ্যান ও তাদের বেতন বৃদ্ধির প্রস্তাব।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে মোট ১১০ জন কর্মকর্তা/কর্মচারী মাস্টার রোলে নিয়োজিত আছেন। তাঁদের বেশীরভাগই দীর্ঘদিন যাবৎ মাস্টার রোলে নিয়োজিত আছেন মর্মে জানা যায়। আলোচনাক্রমে মাস্টাররোলে দৈনিক শ্রমিক ব্যতীত অন্যান্য পদে দীর্ঘ দিন যাবৎ নিয়োগ অব্যাহত রাখা সঠিক নয় মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত : উপস্থাপিত তালিকা যাচাই-বাছাই করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৭: কচুক্ষেত পুরান বাজার এলাকায় নিরাপত্তা ও শৃঙ্খলা কমিটি গঠন।

আলোচনা : কচুক্ষেত পুরান বাজার একটি ঘনবসতি পূর্ণ এলাকা। উক্ত এলাকার সুষ্ঠু সামাজিক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে এলাকার বাসিন্দাদের সমন্বয়ে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি শৃঙ্খলা কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবিত কমিটির সম্ভাব্য সদস্যদের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে কমিটি গঠন করা হবে।

আলোচ্য বিষয়-৮: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৬৬/সি রোড#৬/এ, ফ্ল্যাট#বি/৫ (৬ষ্ঠ তলা-উত্তর পার্শ্ব) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব তানভিরুল হক প্রবাল, (মিসেস হাসিনা রহমত এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, বিল্ডিং ফর ফিউচার লিঃ তাং-২৩/২/২০১৫ | (১) প্রফেসর ড. মোঃ শাহ্ ই আলম, পিতা- মৃত আব্দুল মান্নান মৃধা, (২) মিসেস ফারজানা রউফ, স্বামী- প্রফেসর ড. মোঃ শাহ্ ই আলম, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | ০৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০. ০২৯.০৪.০৮.০৯.১৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ২২৭২.১২ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১৫,০০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডে ৬৬/সি নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ২২৭২.১২ বঃফুঃ বিশিষ্ট বি/৫ (৬ষ্ঠ তলা উত্তর পার্শ্ব) নং ফ্ল্যাটটি (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ) (১) প্রফেসর ডঃ মোঃ শাহ ই আলম, পিতা-মৃত আব্দুল মান্নান মৃধা (২) মিসেস ফারজানা রউফ,স্বামী- প্রফেসর ডঃ মোঃ শাহ ই আলম এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য মিসেস হাসিনা রহমত এর নিযুক্তীয় আম-মোক্তার বিল্ডিং ফর ফিউচার লিঃ এর পক্ষে ব্যবস্থপনা পরিচালক তানভিরুল হক প্রবাল গত ২৩ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে আবেদন করেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৮ সেপ্টেম্বর,২০১৫ তারিখের ২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০৪.০৮.০৯.১৫ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা, যা জুন ২০১৬ পর্যন্ত পরিশোধ আছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডে ৬৬/সি নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ২২৭২.১২ বঃফুঃ বিশিষ্ট বি/৫ (৬ষ্ঠ তলা উত্তর পার্শ্ব) নং ফ্ল্যাটটি (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ) (১) প্রফেসর ডঃ মোঃ শাহ ই আলম, পিতা-মৃত আব্দুল মান্নান মৃধা (২) মিসেস ফারজানা রউফ,স্বামী- প্রফেসর ডঃ মোঃ শাহ ই আলম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়

আলোচ্য বিষয়-৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৪২/এ নং প্লটে নির্মিত ৪ তলা বাড়ীর ৪ নং ফ্ল্যাট রেজিস্ট্রেশন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ ডিসেম্বর, ২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্র।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং বাড়ীর ২য় তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাটটি বেগম মাহমুদা মেরাজ, স্বামী-মরহুম মেজর জেনাঃ মাহমুদুল হাসান এর নিকট বিক্রয় করা জন্য ২৬/১১/২০০৮ তারিখে বেগম নুরুন্নাহার বায়নাপত্র করেন এবং ২০/৬/২০১৩ তারিখে বেগম নুরুন্নাহার সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ৪২/এ নং প্লটের ২য় তলার দক্ষিণ পার্শ্বের ৪ নং ফ্ল্যাটটি মিসেস মাহমুদা মেরাজ, স্বামী-মরহুম মেজর জেনারেল মাহমুদুল হাসান এর নিকট বিক্রয়/হস্তান্তরের ছাড়পত্র চেয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের ২৩ জুন,২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪২/এ/ফ্ল্যাট নং-৪(২য় তলা দক্ষিণ)/৩৯ নং পত্রে সদর দপ্তর, গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে পত্র প্রেরণ করা হয়। সদর দপ্তর, গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস ২২ এপ্রিল,২০১৪ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৯.১০.২২.০৪.১৪ নং পত্রে ফ্ল্যাট ক্রেতা মিসেস মাহমুদা মেরাজের আয়কর প্রদান সংক্রান্ত নথিপত্র সদর দপ্তর, গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ০১ জানুয়ারি, ২০১৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪২/এ/ফ্ল্যাট নং-৪(২য় তলা দক্ষিণ)/৫০ নং পত্রে মিসেস মাহমুদা মেরাজ-কে আয়কর প্রদান সংক্রান্ত কাগজাদি সত্বর ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। রেকর্ড দৃষ্টে দেখা যায়, আয়কর সংক্রান্ত কাগজাদি এখনও ক্যান্টনমেন্ট বোর্ডে পৌছেনি। এপ্রেক্ষিতে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ ডিসেম্বর,২০১৫ তারিখের ৩৯০১/৫/ইউ/এমকিউ-২/বাড়ী নং-৪২/এ এবং স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ ডিসেম্বর,২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্র সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং প্লটে নির্মিত বাড়ীর ২য় তলার দক্ষিণ পার্শ্বের ৪ নং ফ্ল্যাটটি মিসেস মাহমুদা মেরাজ, স্বামী- মরহুম মেজর জেনারেল মাহমুদুল হাসান এর নিকট বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের নিমিত্ত ডিজিএফআই সদর দপ্তর এর চাহিদাকৃত আয়কর সনদপত্র জমা করার জন্য পত্র প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-১০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৯ ও ৯৪ নং প্লট (সাবেক শপ প্লট নং-৪) ইজারা মেয়াদান্তে পুন: বরাদ্দ।

আলোচনা : (ক) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৪ হালে ৮৯ নং প্লটের বর্তমান রেকর্ড়ীয় মালিক মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান। ১৮/৮/২০০৯ তারিখে দাখিলকৃত হলফনামা/ঘোষনা পত্রে দেখা যায়, মোঃ কাইয়ুম খান গত ৮/২/২০০৮ তারিখে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি এক স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) ওয়ারিশান রেখে গেছেন। সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩১/৩/২০০৮ সালে উত্তীর্ণ হয়ে গিয়েছে। মোঃ কাইয়ুম খানের স্ত্রী মিসেস মাজেদা পারভীন গত ৩/১১/২০১৪ তারিখে ৮৯ নং প্লটের ইজারা মেয়াদ পরবর্তী ৩০ বছরের জন্য নবায়নসহ উত্তরাধিকারীদের নামে নামজারীর জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ০৯ নং আলোচ্যসুচীতে উপস্থাপন করা হলে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৯ হালে ৯৪ নং শপ প্লটটি ০১/০৪/১৯৭৮ তারিখে প্রকাশ্য নিলামে ৩৪,০০০/-টাকা প্রিমিয়ামে জনাব মোঃ কাইয়ুম খাঁনের এর নামে ১/৪/১৯৭৮ তারিখে হতে ৩০ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। উক্ত প্লটের বর্তমান রেকর্ড়ীয় মালিক মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান। ১৫/১/২০১৩ তারিখে দাখিলকৃত হলফনামা/ঘোষনা পত্রে দেখা যায়, মোঃ কাইয়ুম খান গত ৮/২/২০০৮ তারিখে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি এক স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) ওয়ারিশান রেখে গেছেন। সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩১/৩/২০০৮ সালে উর্ত্তীন হয়ে গিয়েছে। মোঃ কাইয়ুম খানের স্ত্রী মিসেস মাজেদা পারভীন গত ৩/১১/২০১৪ তারিখে ৮৯ নং প্লটের ইজারা মেয়াদ পরবর্তী ৩০ বছরের জন্য নবায়নসহ উত্তরাধিকারীদের নামে নামজারীর জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ০৫ জানুয়ারি,২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ০৯ নং আলোচ্যসুচীতে উপস্থাপন করা হলে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৪ হালে ৮৯ এবং ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৯ হালে ৯৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী দু'টি ০৮ অক্টোবর, ২০০৩ তারিখের ১৯ নং রেজিস্ট্রিকৃত এফিডেভিট মূলে মরহুম মোঃ কাইয়ুম খান এর উত্তরাধীকারী স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) নামে নামজারীর আবেদন অনুমোদনসহ উক্ত প্লট দু'টি ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা নবায়ন করা হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১১: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকানের ইজারা বাতিলকরণ।

আলোচনা : গত ০৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৫০বিবিধ(১২) এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকান স্থানান্তর করে রাস্তা করার বিষয়ে দোকান মালিকের দোকান ভাড়া ও রাস্তা নির্মাণ বাবদ যাবতীয় ব্যয় মেজর (অবঃ) আব্দুস সাত্তার কর্তৃক এবং পার্ক-২০ নং দোকানের বরাদ্দ লাভকারী দোকান স্থানান্তরে সম্মতি সাপেক্ষে মেজর (অবঃ) আব্দুস সাত্তার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি মেজর (অবঃ) আব্দুস সাত্তার এবং দোকান বরাদ্দলাভকারীকে পত্র মারফত অবহিত করা হলেও দোকান বরাদ্দলাভকারী মিসেস মনোয়ারা বেগম সম্মতি জ্ঞাপন করেন নি। নথি পর্যালোচনায় দেখা যায় যে, পার্ক-২০ নং দোকানের ০৩(তিন) মাসের ভাড়া বকেয়া রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকানের বরাদ্দ বাতিল করা হয়। বিষয়টি বরাদ্দলাভকারী মিসেস মনোয়ারা বেগম-কে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটের এ-১২৯ নং দোকান ইজারা গ্রহীতার নিকট বুঝিয়ে দেয়া প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের এ-১২৯ নং দোকানটি ০৫ বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য ৮ সেপ্টেম্বর,২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলে তানজিয়া হাসান খান মুন্নী, স্বামী-মেহেদী হাসান নজরুল কর্তৃক ১৩,০১,০০০/-(তের লক্ষ এক হাজার) টাকা দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৫০বিবিধ-৪ এর মাধ্যমে অনুমোদিত হয়। সর্বোচ্চ দরদাতাকে সালামীর টাকা এককালীন পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ২৩ সেপ্টেম্বর,২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/দোকান নং-এ/১২৯/২২৩ নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে তানজিয়া হাসান খান মুন্নী উক্ত সালামীর টাকা একাধিক কিস্তিতে পরিশোধ করার অনুমতি চেয়ে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ সেপ্টেম্বর,২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/দোকান নং-এ/১২৯/২২৯ নং পত্রে উক্ত টাকা ০৩(তিন) কিস্তিতে পরিশোধ করার অনুমতি প্রদান করা হয়। এপ্রেক্ষিতে ১ম কিস্তির ৪,৩৩,৬৬৮/- (চার লক্ষ তেত্রিশ হাজার ছয়শত আটষট্টি) টাকা পরিশোধ করেছেন এবং অবশিষ্ট অর্থ যথানিয়মে পরিশোধ করবেন মর্মে দোকানটির পজেশন বুঝিয়ে দেয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের এ-১২৯ নং দোকানটি ০৫ বছর মেয়াদে অনুমোদিত ইজারা মূল্য তিন কিস্তিতে প্রদানে ভূতাপেক্ষ অনুমোদনসহ ইজারার অবশিষ্ট ৮,৬৭,৩৩২.০০ (আট লক্ষ সাতষট্টি হাজার তিনশত বত্রিশ) টাকা সালামী ৩০ জানুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। বিষয়টি ইজারা গ্রহীতাকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: রজনীগন্ধা সুপার মার্কেট হতে মিরপুর-১৪ নং রাস্তা সম্প্রসারণের কারণে রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/এ পার্ক-৫০/বি নং দোকান স্থানান্তরের জন্য অক্টোবর, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত ভাড়া মওকুফের আবেদন।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/এ নং দোকানের বরাদ্দ লাভকারী সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম এবং পার্ক-৫০/বি নং দোকানের বরাদ্দলাভকারী মোসাঃ ফাহিমা জসিম,স্বামী-মোঃ জসিম উদ্দিন। রজনীগন্ধা সুপার মার্কেট হতে মিরপুর-১৪ নং রাস্তা সম্প্রসারণের কারণে দোকান ঘর ০২ টি অক্টোবর, ২০১৪ মাসে ভাঙ্গা পড়ে। পরবর্তীতে ০৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২৩ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তে ইতোপূর্বে বরাদ্দকৃত স্থানের সমআয়তনে জায়গা প্রদানসহ বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে নিজ খরচে দোকান ঘর তৈরীর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দগ্রহীতাগণ নিজ খরচে দোকান ঘর তৈরী করে এবং দোকান ভাঙ্গার তারিখ অক্টোবর, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত ভাড়া মওকুফ করে অর্থ্যাৎ জানুয়ারি, ২০১৬ তারিখ হতে পূর্বে নির্ধারিত ভাড়া কমিয়ে পরিশোধ করার অনুমতি চেয়ে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/এ ও পার্ক-৫০/বি নং দোকান দু'টি রাস্তা সম্প্রসারণের কারণে ভাঙ্গা পড়ায় অক্টোবর, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৫ মাস পর্যন্ত সময়ের ভাড়া মওকুফ করা হয়। জানুয়ারি, ২০১৬ হতে নিয়মিত ভাড়া পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-১৪: রজনীগন্ধা সুপার মার্কেটের ব্রয়লার-২৩ নং দোকানের মালিক ও ভাড়াটিয়ার বিরোধ।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ব্রয়লার-২৩ নং দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডের ০৭ আগস্ট, ২০০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/ মুঃদেঃ/১/৮১ নং পত্রের মাধ্যমে জনাব মোঃ ইসমাইল, পিতা-আসকর মাতব্বর-কে বরাদ্দ প্রদান করা হয়। তিনি ১১ মে, ২০১৪ তারিখের আবেদনে জানান যে, উক্ত দোকানটি বরাদ্দ প্রাপ্তির পর হতে জনাব মোঃ শাহ পরান, পিতা-মোঃ কাঞ্চন, ডিসিস-১২১, উত্তর কাফরুল, ঢাকা-কে মৌখিকভাবে ভাড়া প্রদান করেছেন। ভাড়ার মেয়াদ ইতোমধ্যেই উত্তীর্ণ হয়ে গিয়েছে এবং দীর্ঘদিন যাবত দোকান ভাড়া পরিশোধ করছে না এবং দোকানটি বুঝিয়ে দিচ্ছেন না এবং বর্তমানে দোকানটি জবর দখল করে ব্যবসা পরিচালনা করছেন। এমতাবস্থায় উক্ত দোকানটি খালি করে বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করেছেন।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের ব্রয়লার-২৩ নং দোকানের মালিক ও ভাড়াটিয়ার শুনানী গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: কচুক্ষেত পুরান বাজার এলাকার ৪৮ নং প্লটে চলাচলের রাস্তা ও পৃথক হোল্ডিং নম্বর প্রদানের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩ নভেম্বর, ২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্র ও তৎসংযুক্ত আবেদন।

আলোচনা : কচুক্ষেত এলাকার সিটি জরিপের ১৭৬৩ দাগের দক্ষিণাংশে ৫০ নং খতিয়ানের .০৪১৬ শতক জমি (৫৫×৩৩) বিশিষ্ট প্লটে যাতায়াতের জন্য সংলগ্ন প্লটে নির্মিত ভবন/স্থাপনা ভেঙ্গে ৮ ফুট চওড়া চলাচলের রাস্তা নির্মাণ করে দেয়ার জন্য হাজী আফজাল হোসেন ১৭/১১/২০১৫ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। বিষয়টির উপর ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মাতামত চাওয়া হলে ২৪/১২/২০১৫ তারিখে তিনি জানান যে, উক্ত প্লটের মালিকানা ও নামজারীর বিষয়ে বিভিন্ন কোর্টে একাধিক মামলা বিচারাধীন আছে।

গৃহীত সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার ৪৮ নং প্লট সংক্রান্ত বিচারাধীন মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করা হবে না।

আলোচ্য বিষয়-১৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ডেভলপার প্রতিষ্ঠান ফ্রন্টিয়ার ইঞ্জিনিয়ার্স লিঃ কর্তৃক জমাকৃত ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান।

আলোচনা : ফ্রন্টিয়ার ইঞ্জিনিয়ার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ শহীদ হোসেন। তিনি মিরপুর ডিওএইচএস এলাকার ৫৮৭ ও ৫৮৯ নং প্লটে বাড়ি নির্মাণের জন্য ডেভেলপার হিসেবে তালিকাভুক্তির জন্য ১/১০/২০১২ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। ক্যান্টনমেন্ট বোর্ডের ১১/১০/২০১২ তারিখের ঢাক্যাবো/ডেভেঃ/ফ্রন্টিয়ার ইঞ্জিঃ লিঃ/৫০ নং পত্রে জামানত বাবদ (৩০০০০০+১০০০০০)= ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা এবং ট্রেড লাইসেন্স ফি বাবাদ ২৫,০০০/-টাকা জমা করেন। ফ্রন্টিয়ার ইঞ্জিনিয়ার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ শহীদ হোসেন মৃত্যু বরণ করায় উক্ত ডেভেলপার কোম্পানী সংশ্লিষ্ট প্লটে বাড়ি নির্মাণ সম্পন্ন করে প্লট মালিক বরাবর হস্তান্তর/বুঝিয়ে দিয়েছেন মর্মে প্রত্যয়নপত্রসহ কোম্পানীর প্যাডে লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন (অবঃ) চেয়ারম্যান হিসেবে জমানতের ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা ফেরত চেয়ে ২৮/৬/২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ০৮ ডিসেম্বর,২০১৫ তারিখে বিডি/এলসি/২৬৯১/ ২০০৫/৫৮৭/২০ নং পত্রে ইজারা গ্রহীতা/ফ্ল্যাট ক্রেতাদের অভিযোগ/আপত্তি নেই মর্মে জানান। তবে ৫৮৯ নং প্লটের ইজারা গ্রহীতা প্রিমিয়ামের উপর অডিট আপত্তির ১৫% ভ্যাট বাবদ ১৫,০০০.০০ (পঁনের হাজার) টাকা জমা করেননি। এমতাবস্থায় লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন (অবঃ) এর আবেদনের প্রেক্ষিতে জামানতের ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়টি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ফ্রন্টিয়ার ইঞ্জিনিয়ার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মরহুম ইঞ্জিনিয়ার মোঃ শহীদ হোসেন এর আইনগত উত্তরাধিকার সনদপত্র এবং উত্তরাধিকারীদের অনাপত্তি জমা সাপেক্ষে নিরাপত্তা জামানত হিসেবে জমাকৃত ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা ফেরত প্রদান করা যেতে পারে।

**আলোচ্য বিষয়-১৭:** বারিধারা ডিওএইচএস এর ৪৬৫ নং বাড়ীর ২য় তলার হোল্ডিং ট্যাক্স সমন্বয়ের বিষয়ে মেজর সৈয়দ আলতাফ কবির এর ২৬ নভেম্বর, ২০১৫ তারিখের আবেদন।

**আলোচনা :** বারিধারা ডিওএইচএস এলাকার ৪৬৫ নং বাড়ীর ২য় তলা ফ্ল্যাটের মালিক মেজর সৈয়দ আলতাফ কবীর (অবঃ)। উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ৯,১৬০.০০ (নয় হাজার একশত ষাট) টাকা হারে ২০১৪-২০১৫ আর্থিক সন পর্যন্ত পরিশোধ করেছেন। উক্ত ফ্ল্যাটটি অক্টোবর, ২০১৪ হতে মে, ২০১৫ তারিখ পর্যন্ত ০৮ মাস খালি থাকায় উক্ত সময়ের গৃহকর সমন্বয় করে ২০১৫-২০১৬ আর্থিক সনের গৃহকর (৯,১৬০.০০ - ৫,৪৯৬)=৩,৬৬৪.০০ (তিন হাজার ছয়শত চৌষট্টি) টাকা পরিশোধ করার জন্য ২৬ নভেম্বর, ২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

**গৃহীত সিদ্ধান্ত :** বারিধারা ডিওএইচএস এর ৪৬৫ নং বাড়ীর ২য় তলার গৃহকর বিশেষ বিবেচনায় কেবলমাত্র ২০১৫-২০১৬ আর্থিক সালের জন্য সমন্বয় করে ৩,৬৬৪.০০ (তিন হাজার ছয়শত চৌষট্টি) টাকা নির্ধারণ করা হয়। তবে উক্ত ফ্ল্যাটের নিয়মিত গৃহকর ইতোপূর্বে নির্ধারিত ৯,১৬০.০০ (নয় হাজার একশত ষাট) টাকা অন্যান্য বছরের জন্য বহাল থাকবে।

**আলোচ্য বিষয়-১৮:** সেনাকল্যাণ সিকিউরিটি সার্ভিসেস, রাওয়া কমপ্লেক্স, লেভেল-৬, ভিআইপি রোড, মহাখালী, ঢাকা-কে সিকিউরিটি সার্ভিস ব্যবসার ট্রেড লাইসেন্স প্রদান।

**আলোচনা :** সেনাকল্যাণ সংস্থা, রাওয়া কমপ্লেক্স, লেভেল-৬, ভিআইপি রোড, মহাখালী, ঢাকা-১২০৬ এর ঠিকানায় সেনাকল্যাণ সিকিউরিটি সার্ভিসেস ব্যবসার ট্রেড লাইসেন্স চেয়ে ৩০/১১/২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছে। উল্লেখ্য, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫ অক্টোবর,২০০৬ তারিখের ৩৯১৭/৪/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রে ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালায় সিকিউরিটি সার্ভিস ব্যবসার অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের কোন নির্দেশনা নেই।

**গৃহীত সিদ্ধান্ত :** ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত হারে ট্রেড লাইসেন্স ফি পরিশোধ সাপেক্ষে সেনাকল্যাণ সংস্থার অনুকূলে সিকিউরিটি সার্ভিসেস ব্যবসা পরিচালনা করার ট্রেড লাইসেন্স প্রদান করা হবে।

**আলোচ্য বিষয়-১৯:** গত ০৮/৯/২০১৫ তারিখে অনুষ্ঠিত ইজারা ডাকে সর্বোচ্চ দরদাতা কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের ইজারা মূল্য পরিশোধ প্রসংগে।

**আলোচনা :** রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানটি ০৫ বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য ৮ সেপ্টেম্বর,২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলে জনাব মোঃ হানিফ ভূইয়া, পিতা-মোঃ মুজাফ্ফর হোসেন ভূইয়া কর্তৃক দাখিলকৃত ২১,৭১,৯৮৮/-(একুশ লক্ষ একাত্তর হাজার নয়শত আটাশি) টাকা দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৫০বিবিধ-৪ এর মাধ্যমে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতাকে সালামী ২১,৭১,৯৮৮/-(একুশ লক্ষ একাত্তর হাজার নয়শত আটাশি) টাকা এককালীন পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ২৩ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/দোকান নং-বি/২৯/২৯৩ নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা উক্ত সালামীর টাকা পরিশোধের জন্য ০১(এক) মাস সময় চেয়ে ২৮/১০/২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। পরবর্তীতে সালামীর টাকা পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ নভেম্বর, ২০১৫ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/দোকান নং-বি/২৯/২৯৩৬ নং এবং ৩০ নভেম্বর, ২০১৫ ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/দোকান নং-বি/২৯/২৯৮ নং পত্রে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি তিনি কোন অর্থ পরিশোধ করেননি।

**গৃহীত সিদ্ধান্ত :** রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের ইজারা ডাকে সর্বোচ্চ দর দাখিলকারী জনাব মোঃ হানিফ ভূইয়া, পিতা-মোঃ মুজাফ্ফর হোসেন ভূইয়া-কে একাধিকবার তাগিদ প্রদান করা সত্বেও ইজারা অর্থ পরিশোধ না করায় উক্ত ইজারা ডাক বাতিলসহ তাঁর জমাকৃত নিরাপত্তা জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২০:** রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ বাজারের উভয় পার্শ্বের হকারদের নিকট হতে টোল আদায়।

**আলোচনা :** ১২ মে, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ ও সবজি বাজারের পূর্ব ও পশ্চিম পার্শ্বের ৩২ জন হকার এর নিকট হতে দৈনিক ১০.০০ (দশ) টাকা হারে মাসিক ৩০০.০০ (তিনশত) টাকা টোল আদায় করা হয়ে আসছিল। গত ১৩ জুলাই, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২(খ)৯ এর সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের সকল হকারদের নিকট হতে দৈনিক ৩০.০০ (ত্রিশ) টাকা হারে হকার চার্জ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে ২৪ অক্টোবর, ২০১৪ তারিখ হতে রজনীগন্ধা সুপার মার্কেটের হকারদের নিকট হতে হকার চার্জ আদায় করা বন্ধ করা হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ বাজারের উভয় পার্শ্বের হকারদের ভিটি সরেজমিন পরিমাপসহ চিহ্নিত করে সাইট নকশাসহ স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আগামী সভায় উপস্থাপন করা হবে।

**আলোচ্য বিষয়-২১:** রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের ২০টি ভিটির ইজারা বাতিল।

**আলোচনা :** রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডে মোট ১৮৭ টি ভিটি রয়েছে। উক্ত ভিটির মধ্যে ২০টি ভিটি খালী/ভাড়া বেশী টাকা বকেয়া থাকায় পরিশোধের জন্য বারবার পত্র দেয়া সত্বেও উক্ত ভিটির ভাড়া পরিশোধ করছেন না।

**গৃহীত সিদ্ধান্ত :** রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের নিম্নবর্ণিত ২০টি ভিটির বরাদ্দ বাতিল করা হয় ঃ-

| ক্র/নং | নাম | ভিটি নম্বর | মাসিক ভাড়া অক্টোবর/২০১৪ হতে | ডিসেম্বর /২০১৫ পর্যন্ত মোট পাওনা | কত বছর |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ সোহেল মিয়া | সবজি-৭৭ | ১২০০/- | ২৯২৫০/- | ০২ বছর ০৬ মাস |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | জনাব মোঃ নাসির উদ্দিন | সবজি-৭৮ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ৩। | জনাব মোঃ ওয়াসিম | সবজি-৮০ | ১২০০/- | ২৪৭৫০/- | ০২ বছর |
| ৪। | জনাব মোঃ আরিফুল ইসলাম | সবজি-৮২ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ৫। | জনাব মোঃ আলী আহম্মেদ | সবজি-৮৩/১ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ৬। | জনাব মোঃ হেলাল উদ্দিন | সবজি-৮৬ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ৭। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | সবজি-৯০ | ১২০০/- | ৩৭২৫০/- | ০৩ বছর ০৬ মাস |
| ৮। | জনাব মোঃ রুহুল আমিন | সবজি-৯১ | ১২০০/- | ২৯২৫০/- | ০২ বছর ০৬ মাস |
| ৯। | জনাব মিনহাজুল ইসলাম | সবজি-৯৩ | ১২০০/- | ২৪৭৫০/- | ০২ বছর |
| ১০। | জনাব মোঃ সবুজ মিয়া | সবজি-১৩৬ | ১২০০/- | ২০২৫০ | ০১ বছর ০৬ মাস |
| ১১। | মোঃ আব্দুল হাই(বিকাল) জনাব মোঃ মনসুর(সকাল) | কাপড়-৩০ | ২৪০০/- | ৩১৫০০/- | ০১ বছর |
| ১২। | জনাব মোঃ আলাউদ্দিন | আলু-পিয়াজ-১১৬ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৩। | জনাব মোঃ সেলিম | আলু-পিয়াজ-১২৭ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৪। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | আলু-পিয়াজ-১২৯ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৫। | জনাব মোঃ আকতার হোসেন | আলু-পিয়াজ-১৩০ | ১২০০/- | ৩০২৫০/- | ০২ বছর ০৮ মাস |
| ১৬। | জনাব মোঃ জয়নাল | ফল-৬৬ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৭। | জনাব মোঃ আলাউদ্দিন | ফল-৬৮ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৮। | জনাব হাজী আঃ খালেক | ফল-৭২/১ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ০৬ মাস |
| ১৯। | জনাব আবুল হাসান | ফল-১১৩ | ১২০০/- | ২৪৭০০/- | ০২ বছর |
| ২০। | জনাব মোঃ ইকবাল হোসেন | ফল-১১৫ | ১২০০/- | ২০২৫০/- | ০১ বছর ৬ মাস |

উক্ত ভিটিগুলো নতুনভাবে ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, বকেয়া আদায়ের জন্য প্রয়োজনে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২২: রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১৩৩ ও সি/২১৫ নং দোকানের ইজারা মেয়াদ বৃদ্ধি ও সালামী কমানোর আবেদন।

আলোচনা : (ক) রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১৩৩ নং দোকানের মালিক নায়েক ফরিদ মিয়া। তিনি একজন পঙ্গু মুক্তিযোদ্ধা। উক্ত দোকানটি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ১/৮/২০১২ তারিখ হতে ৩১/৭/২০১৫ তারিখ পর্যন্ত ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা সালামীতে ০৩(তিন) বছরের জন্য পুনঃ বরাদ্দ প্রদান করা হয়। তিনি একজন যুদ্ধাহত/পঙ্গু মুক্তিযোদ্ধা হিসেবে দোকানের সালামী ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা মওকুফ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন।

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের সি/২১৫ নং দোকানের মালিক কর্পোরাল শেখ মজিবুর রহমান(অবঃ)। তিনি একজন বীর মুক্তিযোদ্ধা। দোকানটি ৩৫,০০০.০০ (পঁয়ত্রিশ হাজার) টাকা সালামীতে ১০ বছর মেয়াদে বরাদ্দ প্রদান করা হয়েছিল। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বাৎসরিক ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১/৮/২০১৫ তারিখ হতে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত ৪২,৫০০.০০ (বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা সালামীতে ১ বছর ৫ মাসের জন্য পুনঃবরাদ্দ প্রদান করা হয়। একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে ৩৫,০০০.০০ (পঁয়ত্রিশ হাজার) টাকা সালামীতে ১০(দশ) বছর মেয়াদে পুনঃ বরাদ্দ প্রদানের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে ২৭ ডিসেম্বর,২০১৫ তারিখে আবেদন করেন।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের মাস্টার প্ল্যান প্রণয়নসহ নতুনভাবে মার্কেট নির্মাণের শীঘ্রই শুরু হবে এবং সালামীর বর্তমান হার অত্যন্ত যুক্তিসঙ্গত হারে নির্ধারণ করা হয়েছে বিধায় রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১৩৩ ও সি/২১৫ নং দোকানের ইজারা মেয়াদ বৃদ্ধি ও সালামীর হার কমানোর আবেদন দু'টি বিবেচনা করা হ'ল না।

আলোচ্য বিষয়-২৩: শিহাব খান মডার্ণ ডায়াগনস্টিক সেন্টার, প্রোঃ- সেলিনা মাকসুদ-কে সৈকত প্লাজা, মিরপুর-১৪ ঠিকানায় ডায়াগনস্টিক ল্যাব ব্যবসা পরিচালনার নিমিত্ত ট্রেড লাইসেন্স প্রদান।

আলোচনা : সেলিনা মাকসুদ, স্বামী-কে এম মাকসুদুল হাসান আলীম, শিহাব খান মডার্ণ ডায়াগনস্টিক সেন্টার প্রতিষ্ঠানের নামে, দোকান নং-৬১, ৬২, ও ৬৩ সৈকত প্লাজা, মিরপুর-১৪, ঢাকা সেনানিবাসের ঠিকানায় ডায়াগনস্টিক ল্যাব ব্যবসা পরিচালনার নিমিত্ত ট্রেড লাইসেন্স চেয়ে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। আবেদনের সাথে নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা এর কার্যালয়, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসে ডায়াগনস্টিক ল্যাব ব্যবসা পরিচালনার অনুমতিপত্র এবং নৌ বাহিনী সদর দপ্তর, অপারেশান্স শাখা, নৌ গোয়েন্দা পরিদপ্তর, বনানী কর্তৃক নিরাপত্ত ছাড়পত্র দাখিল করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : স্টেশন হেলথ অফিসার কর্তৃক সরেজমিন পরিদর্শন করে দোকান নং-৬১, ৬২, ও ৬৩ সৈকত প্লাজা, মিরপুর-১৪, ঢাকা সেনানিবাস ঠিকানায় ডায়াগস্টিক ল্যাব পরিচালনার অনুকূলে লিখিত মতামত প্রদান করলে এবং ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে শিহাব খান মডার্ণ ডায়াগনস্টিক সেন্টার এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদান করা হবে।

আলোচ্য বিষয়-২৪: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর (অবঃ) মুকুল কুমার দে | ১৯৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২) | (ক) ব্রিগেঃ জেনাঃ এ কে এম ফরিদ উদ্দিন আহমেদ<br>(খ) লেঃ কর্ণেল আবু সারাফাত জামিল | ২৪১<br>২৪৩ | মিরপুর ডিওএইচএস | | বেজমেন্ট ও সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (৩) | মিসেস নিগার ইউসুফ<br>স্বামী-কমান্ডার (অবঃ) এম এ ইউসুফ, বিএন | ৩২৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন- ৪র্থ তলায় সিংগেল ইউনিটকে ডাবল ইউনিটে বিভক্তকরণ) |
| (৪) | কমান্ডার মোঃ ফিরোজ আখতার খান, বিএন | ৩২৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোস্তাফিজুর রহমান | ৪৪৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (৬) | মেজর (অবঃ) এ কে এম মশিউর রহমান | ৫৭৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (লে-আউট, কলাম ও ফুটিং পরিবর্তন) |
| (৭) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ রেজাউল আলম | ৬১৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-সিংগেল ইউনিটকে ডাবল ইউনিটে বিভক্তকরণ) |
| (৮) | লেঃ কর্ণেল মোঃ আলী আম্বিয়াল হক খান | ৬৬৩/এ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (খালি প্লট) |
| (৯) | বদরুন্নেছা প্রধান মিতু<br>স্বামী-শহীদ লেঃ কর্ণেল মোঃ শহিদুল ইসলাম | ৮৫১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১০) | (ক) শারমিন ফাইরজ<br>(খ) নাফিজা ইশমাম<br>পিতা-শহীদ লেঃ কর্ণেল মোঃ দেলোয়ার হোসেন | ৯৭৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১১) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) রেজুয়ানুল হক চৌধুরী | ১২৪০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৩০০ বঃফুঃ আন্ডাগ্রাউন্ড স্টোর দেখানো হয়েছে) |
| (১২) | লেঃ কর্ণেল (অবঃ) এ বি এম আজিজুল ইসলাম | ১২৬৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১৩) | লেঃ কর্ণেল খন্দকার মাহবুব মোর্শেদ (অবঃ) | ৩৪৭ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ৫ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-লিফট সংযোগ) |
| (১৪) | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) বজলুর রহমান | ৫২০ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ৬ষ্ঠ তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |
| (১৫) | মোসাঃ ফাতেমা শিরিন গং | ৩২/এ (উত্তরাংশ) | বনানী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা) |
| (১৬) | সাজেদা রহমান | ৪২ | ক্যান্ট বাজার এলাকা | | সংশোধিত ০৪ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-০৪ তলায় লিফট সংযোগ ) |
| (১৭) | মোছাঃ সুফিয়া খাতুন | সিবি-২১৪/১ | কচুক্ষেত | | ০৬ তলা নতুন ভবন |
| (১৮) | মোহাম্মদ মোশারফ হোসেন গং | সিবি-৩০ | কচুক্ষেত | | ০৭ তলা নতুন ভবন |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও কচুক্ষেত এলাকার ১৮টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

গৃহীত সিদ্ধান্ত : ২৪.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য এলাকার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-২৪ এর ক্রমিক নং-৩, ৪, ৫, ৬,৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৬, ১৭ ও ১৮ এর ১৪টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয় ঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২৪.২। আলোচ্য বিষয়-২৪ এর ক্রমিক নং- ১, ২, ১৪ ও ১৫ এ উল্লেখিত ৪টি ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরি ভেটিং বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | শহীদ সরণির পার্শ্বে হাজী মহসিন হতে ১৩ এমপি পর্যন্ত সৌন্দর্য বর্ধনের জন্য রিক্সা লেনের উভয় পার্শ্বে মটি ভরাট ও ঘাস লাগানো কাজ। | ২,৬৬,৬৭৭/- | বোর্ড তহবিল | |
| (২) | শহীদ সরণির বিভিন্ন অংশে ক্ষতিগ্রস্ত রাস্তা অত্যাবশ্যকীয় মেরামত কাজ। | ২,৭৯,৭৭০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (৩) | শহীদ সরণির বিভিন্ন স্থানে ড্রেন ও ম্যানহোলের উপর ক্ষতিগ্রস্ত আরসিসি স্লাব নির্মাণ। | ৯৭,৯৫১/- | নর্দমা ও মেরামত খাত | |
| (৪) | স্বাধীনতা চত্বর এমপি চেকপোষ্ হতে শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের চৌরাস্তা পর্যন্ত রাস্তার মাঝখানে জিআই পাইপের রেলিং নির্মাণ। | ৮,৮৪,৭৫০/- | অনুদান | ১৩ এমপি ইউনিট এর ২৪/১১/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.০৯৯.০১.২৪.১১.১৫ নং পত্র |
| (৫) | ১৩ এমপি ইউনিটের জন্য ২০০.০০ বর্গফুট রিফ্লেকটিভ টেপ সরবরাহ কাজ। | ৬০,০০০/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিট এর ২০/১০/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০১.০৯৯.০২.১৯.১০.১৫/১ নং পত্র |
| (৬) | রোড ডিভাইডার ২২০টি (আর্মি এমপি ইউনিট ১০০টি, ১৩ এমপি ইউনিট ১০০টি এবং স্টেশন সদর দপ্তর ২০টি) ১" এ্যালুমিনিয়াম পাইপ, রশি, গতিসীমা রোড, সেনাকুঞ্জের প্রবেশ/বাহির বোর্ডে স্টীকার স্থাপন ইত্যাদি কাজ। | ৩,৭২,৭০২/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ১০/১১/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.২৪.১১.১৫ নং পত্র এবং ১৩ এমপি ইউনিটের ২০/১০/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০১.০৯৯.০১.০২.১১.১৪ নং পত্র। |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১৯, প্লট নবং-২৫৭/এ থেকে ২৫৫/এ, লেক রোড হতে লেন-১ এর পাম্প হাউজ পর্যন্ত ড্রেন পরিস্কার ও আরসিসি স্লাব নির্মাণ। | ৩,০৮,৭৬৮/- | নর্দমা খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | |
| (৮) | ২৫ ফেব্রুয়ারি ২০১৬ উপলক্ষ্যে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রংচুন কাজ। | ৩,৯০,০৯৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোড মেরামতসহ কার্পেটিং কাজ। | ২,৯২,৭৫৮/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস প্রবেশ গেইট হতে গ্যারেজ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১২,৮১,৮৬৮/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৪/বি, ৪/এফ (নিচতলা) এবং ৪/এফ (দোতলা) মোট ০৩টি বাসা মেরামত ও রংচুন কাজ। | ১,৯৯,৪২২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| (১২) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পূর্ব কর্ণারের বাকী অংশের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১,৯৮,৬০৯/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানা ও মুরগীর বাজারের উত্তর পার্শ্বে ড্রেন মেরামতসহ স্লাব নির্মাণ কাজ। | ৪০,২৭৭/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১৪) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ (পুরাতন ভবন) ৩য় তলা উত্তরপার্শ্ব মেরামত ও রংকরণ কাজ। | ৪৫,৩৯০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ ও ৪ নং গভীর নলকূপের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ১৫০ মিমি ডায়া কলাম পাইপ সংযোজন এবং মেরিন ক্যাবল স্থাপন কাজ। | ২,৪৬,৪৩৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | পাম্প অপারেটর মোঃ নুর হোসেন এর ২৮/১২/১৫ তারিখের আবেদনপত্র। |
| (১৬) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ১/সি নং স্টাফ কোয়ার্টারের পানির মটর নষ্ট হয়ে যাওয়ায় ১ঃ৫ হর্স পাওয়ারের নতুন পেডরোলো পাম্প ও আনুষঙ্গিক ফিটিংসসহ স্থাপন কাজ। | ২৭,৭৫২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | উক্ত বাসায় বসবাসকারীগণের ২৪/১২/১৫ তারিখের আবেদনপত্র। |
| (১৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ ও ৭ নং রোডের পুরাতন পানির লাইন পরিবর্তন করে ৭৫ মিমি ডায়া ইউপিভিসি পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন কাজ। | ৩,৯৮,৭৩৯/- | অনুদান | |
| (১৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোড সংস্কারসহ কার্পেটিংকরণ। | ১১,৭২,৮৪৬/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১৯) | শহীদ সরণি সংলগ্ন পুরাতন এয়ার হেড কোয়ার্টারের বিপরীত দিকে ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ। | ৩,০৬,৪৭৯/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (২০) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের (ফ্যাসিলিটিজ ভবন) ৩ তলা ভবনের ছাদে পিসিসি, প্যারাপেট ওয়াল, রেইন ওয়াটার পাইপ ও সিঁড়িতে স্টোনোলথিক কাজ করণ। | ৫,০১,৮২৮/- | অনুদান/বিদ্যালয় তহবিল | |

| | | | | |
|---|---|---|---|---|
| (২১) | ডিজিএফআই সদর দপ্তর সংলগ্ন রাস্তা ও ড্রেন মেরামত। | ১,৬০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| (২২) | সিগন্যাল গেইট এলাকা ও স্বাধীনতা সরণির ফুটপাতের ক্ষতিগ্রস্থ টাইলস্ পুনঃস্থাপন কাজ। | ৬২,১৩২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড হতে মুসলিম মডার্ণ একাডেমী পর্যন্ত বিদ্যমান ড্রেন পরিষ্কার, মেরামত ও আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ২,৬৬,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| (২৪) | মিরপুর ডিওএইচএস এলাকার ৩৪ নং রোড (প্লট নং-৮১৮ হতে ৮২০ এবং ৮২১ হতে ৮২২) পাকাকরণ। | ১৪,৯২,৫৬৭/- | মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয় | |
| (২৫) | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬৯৮ এর সংযোগ সড়ক নির্মাণ। | ৪,৯৭,৫২০/- | মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয় | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার জন্য উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের নিমিত্ত মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-২৫ এ উল্লেখিত প্রকল্পের মূল্যানুমানসমূহ অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-২৫ এর ক্রমিক নং-২, ৩, ৭, ৮, ১১, ১৪, ১৫, ১৬, ২২ ও ২৩ এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

